



বাসায় মাদকদ্রব্য ও নারীসহ আটকের ঘটনার পর অতিরিক্ত ডিআইজি জহিরকে প্রত্যাহার



অতিরিক্ত ডিআইজি আবদুল্লাহ আল জহির। ছবি: পুলিশ হেডকোয়ার্টার্স

পুলিশ সদরদপ্তরের অতিরিক্ত ডিআইজি আবদুল্লাহ আল জহিরকে হেডকোয়ার্টার্স শাখায় সংযুক্ত করা হয়েছে। মঙ্গলবার (২০ অক্টোবর) পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকিরের সই করা আদেশে এ সিদ্ধান্ত জানানো হয়।

আদেশে বলা হয়েছে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত আবদুল্লাহ আল জহিরকে হেডকোয়ার্টার্স শাখায় সংযুক্ত রাখা হবে। নির্দেশটি অবিলম্বে কার্যকর করার কথাও উল্লেখ করা হয়েছে। এর আগে রাজধানীর পূর্বাচলে তাঁর মালিকানাধীন একটি বাড়িতে অভিযান চালিয়ে ৮৫ জনকে আটক করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। আটক ব্যক্তিদের মধ্যে ২৬ জন নারী ও ৫৯ জন পুরুষ।

ডিবির অতিরিক্ত কমিশনার শফিকুল ইসলাম মঙ্গলবার বিকেল ৪টার দিকে জানান, বাড়িটি ভাড়া দেওয়া হয়েছিল। সেখানে ভাড়াটিয়ারা নিয়মিত ডিজে পার্টির আয়োজন করতেন এবং অনলাইনে বিজ্ঞাপন দিয়ে লোকজনকে আমন্ত্রণ জানাতেন।

ডিবি সূত্রে জানা যায়, সোমবার (১৯ অক্টোবর) রাত ১২টার দিকে বাড়িটিতে অভিযান শুরু হয়। এ সময় পাঁচ বোতল মদ ও বিপুল পরিমাণ সিনথেটিক মাদক জব্দ করা হয়।

আটক ব্যক্তিদের বিরুদ্ধে কী ধরনের আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে, সে বিষয়ে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) এখনো বিস্তারিত জানায়নি। জব্দ করা সিনথেটিক মাদকের ধরন ও সুনির্দিষ্ট পরিমাণও প্রকাশ করা হয়নি।